



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল অপরাধের শিকার ব্যক্তিদের ক্ষমতা বৃদ্ধি করতে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

বিধিমালা (S.9359/A.7487) ঋণ সংগ্রহ সম্পর্কিত বিশেষ পরিস্থিতিতে পরিচয় চুরি প্রদর্শন করতে কোন কোন নথিপত্র ব্যবহার করা যাবে তা বিস্তৃত করে

বিধিমালা (S.8975/A.7489) একটি অন্তরঙ্গ ছবির বেআইনি প্রচার বা প্রকাশনার, যা "রিভেঞ্জ পর্ন" নামেও পরিচিত, শিকার ব্যক্তি হিসেবে গণ্য হবে কাদের তা বিস্তৃত করে

বিধিমালা (S.8976/A.7502) সেকেন্ড ও ফার্স্ট ডিগ্রির বেপরোয়াভাবে বিপদে ফেলার অপরাধের শিকার ব্যক্তি হিসেবে গণ্য হবে কাদের তা বিস্তৃত করে

গভর্নর ক্যাথি হোকল আজকে অপরাধের শিকার ব্যক্তিদের ক্ষমতা বৃদ্ধি করতে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করেছেন। সুদূরপ্রসারী বিলের এই প্যাকেজটি পরিচিত চুরির নথি হিসেবে কী বিবেচিত হবে তা বিস্তৃত করে, অন্তরঙ্গ ছবির বেআইনি প্রচারের শিকার হিসেবে, এবং বেপরোয়াভাবে বিপদে ফেলার শিকার হিসেবে কাদের গণ্য করা হবে তা বিস্তৃত করে। বিলগুলি এইসব ঘৃণ্য কাজের শিকার ব্যক্তিদের উন্মিত করবে এবং তাদের ন্যায়বিচার খোঁজার সুযোগ প্রদান করবে।

"নিউ ইয়র্কে আমরা সকল অপরাধের শিকার ব্যক্তিদের রক্ষা এবং উন্মিত করায় দৃঢ়ভাবে বিশ্বাস করি," **গভর্নর হোকল বলেন।** "বিধিমালার এই প্যাকেজটি শারীরিকভাবে জখম হয়নি এমন অপরাধের শিকার ব্যক্তিদের বিভিন্ন অপরাধের অন্যান্য প্রভাবের ক্ষতিপূরণ লাভ করতে দেয়, যা অপরাধের শিকার ব্যক্তিদের তাদের প্রাপ্য ন্যায়বিচার খুঁজতে সাহায্য করার ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

বিধিমালা (S.9359/A.7487) ঋণ সংগ্রহ সম্পর্কিত বিশেষ পরিস্থিতিতে পরিচয় চুরি প্রদর্শন করতে কোন কোন নথিপত্র ব্যবহার করা যাবে তা বিস্তৃত করে। এইসব বস্তুর মধ্যে এখন ফেডারেল ট্রেড কমিশন (Federal Trade Commission, FTC) এবং আইন প্রয়োগকারী প্রতিবেদন, এবং একইসাথে অপরাধ ও পারিবারিক আদালতের নথিপত্র অন্তর্ভুক্ত হবে। এটি পরিচয় চুরির শিকার হওয়া ব্যক্তিদের সুরক্ষা বৃদ্ধি করে কারণ এটি ক্রেডিটরদের জন্য বিশেষ তথ্যের ব্যাপারে তাদের রিভিউ সম্পূর্ণ হওয়া পর্যন্ত সকল সংগ্রহ কার্যক্রম বন্ধ রাখা আবশ্যিক

করে। বিদ্যমান আইনের অধীনে, একজন ক্রেডিটরের সংগ্রহ বন্ধ করার জন্য পরিচয় চুরির শিকার ব্যক্তিকে অবশ্যই পুলিশের কাছে একটি রিপোর্ট দায়ের করতে হবে, এবং পুলিশ রিপোর্ট দায়ের না করা হলে আর কোনও বিকল্পই নেই। এটি এখন পরিচয় চুরির শিকার হওয়া আরো বেশি মানুষকে এই ঘটনা কাজকে পেছনে ফেলে অগ্রসর হতে দিবে।

স্টেট সিনেটর কেভিন টমাস বলেন, "পরিচয় চুরি নিউ ইয়র্কের সকল প্রকার মানুষকে প্রভাবিত করতে পারে, এটি আমাদের যে কারো সাথেই হতে পারে। বর্তমান আইনের অধীনে, ক্রেডিটররা সংগ্রহ কার্যক্রম শুধু তখনই বন্ধ করতে পারবে যদি পরিচয় চুরির শিকার ব্যক্তি অভিযোগকৃত চুরির নথিসহ একটি পুলিশ রিপোর্ট দায়ের করে, এবং এর কোনও গ্রহণযোগ্য বিকল্প নেই। বিশেষ বিশেষ অপরাধের শিকার ব্যক্তির যারা আইন শৃঙ্খলা রক্ষাকারীদের কাছে এমন ঘটনার রিপোর্ট করতে নিরাপদ বোধ করে না, তাদের জন্য নিজেদের দাবির বৈধতা প্রমাণ করা আরো কঠিন। আমার বিধিমালা নিউ ইয়র্কের জন্য সুরক্ষা বিস্তৃত করে, যেখানে এখন পারিবারিক কোর্টের ফাইলিং, ফেডারেল ট্রেড কমিশনের আইডি চুরির শিকার ফর্ম (Theft Victim form) এবং আরো অনেক কিছুকে গ্রহণযোগ্য নথি হিসেবে অন্তর্ভুক্ত করবে যা রিভিউ সম্পূর্ণ হওয়া পর্যন্ত সংগ্রহের প্রচেষ্টা বন্ধ রাখতে দেনাদারদের প্রয়োজন। এমন অপরাধের শিকার হওয়ার ঘটনা সঠিকভাবে রিপোর্ট করার জন্য বিকল্প পন্থা প্রদান করাই সঠিক কাজ, এবং আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি আর্থিক ত্রাণ পাওয়া সহজ করে দিয়ে ভোক্তাদের সুরক্ষা করার জন্য।"

অ্যাসেম্বলি সদস্য চার্লস ফল বলেন, "পরিচয় চুরির শিকার হওয়া, বিশেষ করে নিজেদের পরিচিত কারো হাতে পরিচয় চুরির শিকার হওয়া অনেক নিউ ইয়র্কবাসীর মতো আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই আজকে আমার বিধিমালায় স্বাক্ষর করার জন্য। এই অপরাধের শিকার হওয়া, বিশেষ করে পারিবারিক সহিংসতা বা বয়স্কদের শোষণের শিকার হওয়া ব্যক্তিদের এমন অপরাধের রিপোর্ট করার বিকল্প পন্থা প্রদান করা, যাতে করে অন্যান্য বিষয় বিবেচনা করার সময় দেনাদাররা সংগ্রহের প্রচেষ্টা বন্ধ করতে পারে, একটি সঠিক পদক্ষেপ।"

বিধিমালা (S.8975/A.7489) একটি অন্তরঙ্গ ছবির বেআইনি প্রচার বা প্রকাশনার, যা দণ্ডবিধির (Penal Law) 245.15 সেকশনে সংজ্ঞায়িত আছে (রিভেঞ্জ পর্ন), শিকার ব্যক্তি হিসেবে গণ্য হবে কাদের তা বিস্তৃত করে। বর্তমান আইনের অধীনে, বিশেষ অপরাধ সম্পর্কিত ব্যয়ের ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হতে, একজন ব্যক্তিকে অবশ্যই অপরাধ দ্বারা শারীরিকভাবে জখম হতে হবে। এই বিলটি অন্তরঙ্গ ছবির বেআইনি প্রচারের শিকার হওয়া জখমহীন ব্যক্তিদের ক্ষতিপূরণ পেতে দিবে। এটি রিভেঞ্জ পর্ন অপরাধের শিকার ব্যক্তিদের আরো ক্ষমতা প্রদান করবে এবং তারা যা সহ্য করেছে তাদেরকে সেটির জন্য ক্ষতিপূরণ সংগ্রহ করতে দিবে।

স্টেট সিনেটর জুলিয়া সালাজার বলেন, "এই বিলগুলি সেইসব অপরাধের তালিকা বিস্তৃত করে যেখানে অপরাধের শিকার ব্যক্তি ক্ষতিপূরণ পেতে পারে। এটি পূর্বের আইনে থাকা বিশাল শূন্যস্থানটি পূরণ করে। আমরা নিশ্চিত করতে চাই যে শারীরিক জখম থাকুক বা না থাকুক, সকল অপরাধের শিকার ব্যক্তির যাকে সুরক্ষিত থাকে এবং যথাযথ ক্ষতিপূরণ পেতে পারে।"

অ্যাসেসম্বলি সদস্য মনিকা ওয়ালেস বলেন, "রিভেঞ্জ পর্নের মতো অপরাধ আবেগিক ও মানসিক ক্ষতচিহ্নের কারণ হয় যা শারীরিক আক্রমণের ফলে সৃষ্ট ক্ষতচিহ্নের মতোই পীড়াদায়ক এবং সহ্য করতে হয়। এই বিধিমালাটি তাই যেসকল ব্যক্তি নিজেদের অন্তরঙ্গ ছবি বেআইনিভাবে প্রচার করার অপরাধের শিকার হয়েছে, তাদেরকে অন্যান্য অপরাধের শিকার ব্যক্তিদের মতো একই সেবা ও ক্ষতিপূরণ পেতে দেয়, যার মধ্যে আছে মানসিক স্বাস্থ্য কাউন্সেলিংয়ের সুযোগ এবং স্থানান্তরের ব্যয়। আমি গভর্নর হোকলকে এই বিধিমালায় তার সমর্থনের জন্য এবং রিভেঞ্জ পর্নের শিকার ব্যক্তিদের নিরাময়ের জন্য যা প্রয়োজন সেই ব্যবস্থা গ্রহণের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

বিধিমালা (S.8976/A.7502) সেকেন্ড ও ফার্স্ট ডিগ্রির বেপরোয়াভাবে বিপন্ন করার অপরাধের শিকার ব্যক্তি হিসেবে গণ্য হবে কাদের তা বিস্তৃত করে। বর্তমান আইনের অধীনে, ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হতে বেপরোয়াভাবে বিপদে ফেলার অপরাধের শিকার ব্যক্তিকে শারীরিকভাবে জখম হতে হবে। এই বিলটি অপরাধের শিকার ব্যক্তিদের শারীরিকভাবে জখমী না হলেও ক্ষতিপূরণ পাওয়ার সক্ষমতা প্রদান করে, যার ফলে এই ব্যক্তির আরো ক্ষমতা পাবে।

অ্যাসেসম্বলি সদস্য জেনিফার রাজকুমার বলেন, "নতুন আইনটি দ্বারা নিউ ইয়র্ক স্টেট অপরাধের শিকার ব্যক্তিদের পুনরায় নিজের পায়ে দাঁড়াতে যে সমর্থন প্রয়োজন তা প্রদান করেছে। জঘন্য বেপরোয়াভাবে বিপদে ফেলার অপরাধের, যেমন যখন একজন বন্দুকধারী তাদের দিকে গুলি করে কিন্তু লাগাতে না পারে, বা একটি দ্রুতবেগে ধাবমান গাড়ি কাউকে রাস্তায় প্রায় চাপা দিয়ে ফেলে, এমন ঘটনার শিকার ব্যক্তিদের এর পরে কিছু কিছু প্রয়োজন আছে। যদিও এই অপরাধগুলি কোনও শারীরিক জখমের কারণ নয়, কিন্তু এর ফলে সৃষ্ট মানসিক ও আবেগিক ট্রমা শারীরিক ট্রমার মতোই বাস্তব এবং দুর্বলকারী হতে পারে। এই বিধিমালায় স্বাক্ষর করে আমাদের স্টেট অপরাধের শিকার ব্যক্তিদের তাদের প্রয়োজনীয় সার্বিক সাহায্য প্রদানের প্রতিশ্রুতি গ্রহণ করেছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418